



“বিদ্যুৎ ও জ্বালানি নিরাপত্তা  
সর্বোচ্চ অগ্রাধিকার”



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিদ্যুৎ জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়  
বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন  
(পেট্রোবাংলা)  
বাজেট ও মনিটরিং (সদর দপ্তর)  
[www.petrobangla.org.bd](http://www.petrobangla.org.bd)

নম্বর: ২৮.০২.০০০০.০২৭.২১.০০৯.১৯.১৬৫

তারিখ: ১০ ভাদ্র ১৪২৮

২৫ আগস্ট ২০২১

### পরিপত্র

বিষয়: ২০২১-২০২২ অর্থ-বছরে পরিচালন ও উন্নয়ন বাজেটের ভ্রমণ ব্যয় হ্রাসকরণ।

অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের ০১-০৭-২০২১ তারিখের পরিপত্র নং-০৭.১০১.০০৬.০০.০০.০৩০.২০০৮-০৩ এর মাধ্যমে বৈশ্বিক মহামারি করোনা ভাইরাস (কোভিড-১৯) এর প্রাদুর্ভাব মোকাবেলায় সরকারের অগ্রাধিকার খাতসমূহে প্রয়োজনীয় অর্থ বরাদ্দের মাধ্যমে সীমিত সম্পদের সর্বোত্তম ব্যবহার নিশ্চিতকল্পে ২০২১-২০২২ অর্থ বছরের বাজেটে 'ভ্রমণ ব্যয়' খাতে বরাদ্দকৃত অর্থ ৫০% হ্রাস করা হয়েছে এবং শুধুমাত্র জরুরি ও অপরিহার্য ক্ষেত্র বিবেচনায় 'ভ্রমণ ব্যয়' খাতে বরাদ্দকৃত অর্থ ব্যয় করা যাবে মর্মে নির্দেশনা দেয়া হয়েছে।

২। ভ্রমণ ব্যয় হ্রাসকরণের সরকারি সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য পেট্রোবাংলার বাজেটে উল্লিখিত খাতের বরাদ্দ ৫০% হ্রাস করার ফলে হ্রাসকৃত বরাদ্দের মধ্যে ব্যয় সীমাবদ্ধ রাখার লক্ষ্যে শুধুমাত্র জরুরি ও অপরিহার্য ক্ষেত্র বিবেচনায় ভ্রমণদেশ অনুমোদন করার জন্য অনুরোধ জানানো হলো এবং চলতি ২০২১-২০২২ অর্থ বছরের মোট ভ্রমণদেশ ব্যয় মোট বাজেট বরাদ্দের ৫০% পর্যন্ত ব্যয় করা যাবে।

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে উপরোক্ত সিদ্ধান্ত নির্দেশক্রমে অবহিত করা হলো।

২৬-৮-২০২১

ফারুক আহমেদ

মহাব্যবস্থাপক (অর্থ)

বিতরণ:

১) পেট্রোবাংলার সকল বিভাগ/ডিপার্টমেন্ট প্রধানগণ

২) সহকারী ব্যবস্থাপক, প্রশাসন পরিদপ্তর, বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)

- ৩) পরিচালক-এর একান্ত সচিব, অর্থ পরিদপ্তর, বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)
- ৪) পরিচালক-এর একান্ত সচিব, অপারেশন ও মাইন্স পরিদপ্তর, বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)
- ৫) পরিচালক-এর একান্ত সচিব, পরিকল্পনা পরিদপ্তর, বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)
- ৬) পরিচালক-এর একান্ত সচিব, পিএসসি পরিদপ্তর, বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)